

# নবান্নে নতুন ক্যান্টিন খাদ্যছায়া

## আজকালের প্রতিবেদন

নবান্নে খুলল নতুন ক্যান্টিন ‘খাদ্যছায়া’। এই নামকরণ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির। শীতাতপ নিয়ন্ত্রিত ঝা-চকচকে এই ক্যান্টিন মঙ্গলবার সাধারণ কর্মীদের জন্য খুলে দেওয়া হল। ক্যান্টিনের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন মুখ্যসচিব এইচ কে দীবেদী। উপস্থিত ছিলেন অর্থসচিব মনোজ পন্থ, পঞ্চায়েত সচিব পি উলগানাথন, পূর্ত সচিব অন্তরা আচার্য এবং হাওড়ার

জেলাশাসক মুক্তা আচার্য। নবান্নের কর্মীদের জন্য একটি ভাল ক্যান্টিনের প্রয়োজন ছিল। বাইরে থেকে প্রচুর মানুষ বিভিন্ন কাজে নবান্নে আসেন। তাঁদের জন্য ক্যান্টিনের প্রয়োজন। পুরনো ক্যান্টিনের অবস্থা বেশ খারাপ হয়ে গিয়েছিল। তাই এই নতুন ব্যবস্থা। নতুন ক্যান্টিন পরিচালিত হবে পঞ্চায়েত দপ্তরের ‘আনন্দধারা’ প্রকল্পের আওতায়। ক্যান্টিন চালাবেন বিভিন্ন স্বনির্ভর গোষ্ঠীর ২৫ জন সদস্য। তাঁদের প্রশিক্ষণ দিয়েছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ হোটেল ম্যানেজমেন্ট।